

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৫১

আগরতলা, ২০ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ১৯ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘লরি ফেঁসে স্তরু জাতীয় সড়ক কুশ্চনিদ্রায় প্রশাসন, ক্ষোভ’ শিরোনামে প্রকাশিত সংবাদটি PWD (NH) দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদের প্রতিবাদ জানিয়ে PWD (NH) দপ্তরের মুখ্য বাস্তুকার জানিয়েছেন যে ৮নং জাতীয় সড়কের ২৯০ কিমি থেকে ২৯১ কিমি সড়কের রক্ষনাবেক্ষণের দায়িত্বে রয়েছে NHIDCL। গত ১৭ অক্টোবর, ২০২৪ তারিখে ভারী বৃষ্টিপাতের দরুণ চুড়াইবাড়ির সন্নিকটে লম্বাগাছ এলাকায় দুটি পন্যবাহী ট্রাক রাস্তায় আটকে যায়। যার দরুণ ঐ এলাকায় যানবাহন চলাচল আটকে পড়ে। সাথে সাথেই ব্যবস্থা গ্রহণ করে সড়কটি যানবাহন চলাচলের জন্য উপযুক্ত করে দেওয়া হয়। এই মুহুর্তে সংশ্লিষ্ট রাস্তায় যানবাহন চলাচল করছে এবং রাস্তার মেরামতের কাজও দ্রুত গতিতে এগিয়ে চলেছে। সংশ্লিষ্ট সড়কে যানবাহন চলাচল যাতে কোনভাবেই ব্যহত না হয় সেদিকে দপ্তর সদা সতর্ক রয়েছে।
